



নং- ঢাশিবো/বি/১৩(৬)/ঢাকা/দক্ষিণ/৪৯৯

তারিখ : ১৯/০৯/২০২১

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।

- সূত্র : i. অত্র বোর্ড কর্তৃক গঠিত তদন্ত কমিটির ১৩/০৯/২০২১ তারিখে দাখিলকৃত প্রতিবেদনের সুপারিশ।  
ii. উপজেলা চেয়ারম্যান, কেরানীগঞ্জ-এর ১০/০১/২০২১ তারিখের আবেদন।  
iii. উপজেলা নির্বাহী অফিসার, কেরানীগঞ্জ-এর ১৫/০৯/২০২০ তারিখের ৯১০, ০৫/১০/২০২০ তারিখের ৯৭৫ এবং ০৮/১০/২০২০ তারিখের ৯৮৩ নং স্মারকের আবেদন।  
iv. ঢাকা শিক্ষা বোর্ডের আইন উপদেষ্টার ২৮/১২/২০২০ তারিখের মতামত।  
v. ঢাকা শিক্ষা বোর্ডের ২৭/১০/২০২০ তারিখের ৩০৭৮ নং স্মারকে কারণ দর্শানো পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে,

- বিগত ১৪/০৫/১৯৮৫ ইং তারিখে সাব-রেজিস্ট্রার অফিসে সম্পাদিত 'অপর্ণনামা বা ট্রাস্টনামা' দলিল সম্পন্ন করে সেটাকে সরকারি কর্তৃপক্ষের নিকট হতে অনুমোদন প্রাপ্তি মনে করে 'দোলেশ্বর কল্যাণ সংস্থা'-এর মাধ্যমে ম্যানেজিং কমিটি বিধিমালা-১৯৭৭ এর ২০(১) এবং পরবর্তীতে প্রবিধানমালা-২০০৯ এর ৪৯(১) অনুযায়ী কমিটি গঠন, অনুমোদন ও পরিচালনা বিধিসম্মত হয়নি।
- দোলেশ্বর আদর্শ উচ্চ বিদ্যালয় (108068) এবং দোলেশ্বর আব্দুল মান্নান আদর্শ মহাবিদ্যালয় (108112) দু'টি ভিন্ন EINN-এ স্বতন্ত্র প্রতিষ্ঠান। অথচ একই ভবনে ভিন্ন ভিন্ন কমিটি গঠন করে 'দোলেশ্বর কল্যাণ সংস্থা'-এর মাধ্যমে প্রশাসনিক/শ্রেণি কার্যক্রমসহ বিদ্যালয়/কলেজ পরিচালনা করে আসছে যা বিধিসম্মত নয়।
- দোলেশ্বর কল্যাণ সংস্থা/ট্রাস্ট গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মজ অথবা সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তর বা সরকার কর্তৃক উপযুক্ত কোন কর্তৃপক্ষ দ্বারা নিবন্ধিত বিধিবদ্ধ/বৈধ সংস্থা বা ট্রাস্ট নয় এবং সনদপ্রাপ্ত নয়। এ প্রেক্ষিতে দোলেশ্বর আদর্শ উচ্চ বিদ্যালয় এবং দোলেশ্বর আব্দুল মান্নান মহাবিদ্যালয়, কেরানীগঞ্জ, ঢাকা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) গঠন সংক্রান্ত প্রবিধানমালা-২০০৯ এর ৪৯(১) মোতাবেক সংস্থা পরিচালিত কমিটি প্রাপ্য নয়-মর্মে তদন্ত প্রতিবেদনে সুপারিশ রয়েছে।
- এমতাবস্থায়, ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলাধীন দোলেশ্বর আদর্শ উচ্চ বিদ্যালয়-এর প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধি ৪৯(১) অনুযায়ী গঠিত কমিটি বাতিলপূর্বক কেন সাধারণ পরিচালনাধীন প্রতিষ্ঠানের ন্যায় প্রবিধি ৭ ও ৮ মোতাবেক কমিটি গঠনের অনুমতি দেয়া হবে না-এ বিষয়ে কারণ দর্শানো হলো।

স্মারক ইস্যুর তারিখ হতে পরবর্তী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে উপযুক্ত প্রমাণকসহ ব্যাখ্যা প্রদানের অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বা:

(আবদুর রহমান শিকদার)

বিদ্যালয় উপ-পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক

দোলেশ্বর আদর্শ উচ্চ বিদ্যালয়


কেরানীগঞ্জ, ঢাকা

মেমো নং- ৪৯৯(৮)

তারিখ : ১৯/০৯/২০২১

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। পরিচালক, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, কেরানীগঞ্জ, ঢাকা।
- ৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কেরানীগঞ্জ, ঢাকা।
- ৮। পিএস-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। অফিস কপি।

  
২০/০৯/২১

বিদ্যালয় উপ-পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।